

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
বালিয়াকান্দি, রাজবাড়ী।

www.fisheries.baliakandi.rajbari.gov.bd

পত্র নং-৩৩.০২.৮২০৭.৫০১.২৬.০০১.২৫.১৮২

তারিখ : ১৭ই আগষ্ট ২০২৫ খ্রি.
২রা ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ

অফিস আদেশ

দেশের মৎস্যসম্পদ সম্প্রসারণ, সংরক্ষণ ও উন্নয়নের বিষয়ে জনগণের মাঝে ব্যাপক সচেতনতা সৃষ্টি ও উদ্বুদ্ধকরণের লক্ষ্যে প্রতি বছরের ন্যায় এই বছরও আগামী ১৮ আগষ্ট ২০২৫ হতে ২৪ আগষ্ট ২০২৫ দেশব্যাপী “জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫” উদযাপিত হতে যাচ্ছে। “জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫” উপলক্ষ্যে রাজবাড়ী জেলাধীন বালিয়াকান্দি উপজেলায় সপ্তাহব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচীর অংশ হিসেবে “জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫” এর ৪র্থ দিনে (২১ আগষ্ট ২০২৫) মৎস্যচাষি, মৎস্যজীবী, আড়ৎদার, হ্যাচারী মালিক ও মৎস্যখাদ্য বিক্রেতাসহ মৎস্য সেক্টরের সকল পেশাজীবীদের নিয়ে একটি “ক্রীড়া প্রতিযোগিতা” আয়োজন করা হয়েছে। উক্ত “ক্রীড়া প্রতিযোগিতায়” অংশগ্রহণ করতে ইচ্ছুক প্রত্যেককে আবেদন ফর্ম (সংযুক্তি : ১) পূরণ পূর্বক আগামী ২০/০৮/২০২৫ তারিখের মধ্যে অত্র দপ্তরে জমাদানের জন্য অনুরোধ করা হলো।

উক্ত অনুষ্ঠানসহ সকল অনুষ্ঠানে আপনার স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ কামনা করছি।

সংযুক্তি : আবেদন ফর্ম ১ (এক) প্রস্থ

Tanah

(মোঃ তানভীর আহমেদ)
উপজেলা মৎস্য কর্মকর্তা
বালিয়াকান্দি, রাজবাড়ী

মোবাইল : ০১৭৬৯-৪৫৯২৬৯

ufobaliakandirajbari@fisheries.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো -

১. পরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, উত্তরা, ঢাকা।
২. জেলা মৎস্য অফিসার, রাজবাড়ী।
৩. উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী।
৪. উপজেলা-----অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী।
৫. সংশ্লিষ্ট নথি।

“জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫” উপলক্ষ্যে আয়োজিত “ক্রীড়া প্রতিযোগিতা” এ অংশগ্রহণের আবেদন ফর্ম

বরাবর

উপজেলা মৎস্য অফিসার

বালিয়াকান্দি, রাজবাড়ী।

বিষয় : “জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫” উপলক্ষ্যে আয়োজিত “ক্রীড়া প্রতিযোগিতা” এ অংশগ্রহণের জন্য আবেদন।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি, গ্রাম :, ইউনিয়ন :,

উপজেলা : বালিয়াকান্দি, জেলা : রাজবাড়ী। আমি পেশায় একজন মৎস্যচাষি/মৎস্যজীবী/আড়ৎদার/হ্যাচারী মালিক/মৎস্যখাদ্য বিক্রেতা।

“জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫” উপলক্ষ্যে আয়োজিত ক্রীড়া প্রতিযোগিতায় নিম্নোক্ত শর্তাবলী মেনে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করতে ইচ্ছুক।

উক্ত আবেদন গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের শর্তাবলী :

১. উক্ত প্রতিযোগিতায় শুধুমাত্র আনন্দ ও বিনোদন এর উদ্দেশ্যে অংশগ্রহণ করতে হবে।
২. উক্ত প্রতিযোগিতা চলাকালীন বিনয়ী মনোভাব বহন করতে হবে।
৩. যেকোনো পরিস্থিতিতে “জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ বাস্তবায়ন কমিটি, বালিয়াকান্দি, রাজবাড়ীর সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো।
৪. “জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ বাস্তবায়ন কমিটি, বালিয়াকান্দি, রাজবাড়ী উক্ত প্রতিযোগিতা বাতিল, স্থগিত অথবা তারিখ পরিবর্তনের অধিকার সংরক্ষণ করে।

উক্ত শর্তাবলী মেনে স্বজ্ঞানে স্বাক্ষর করলাম।

স্বাক্ষর :

আবেদনকারীর নাম :

মোবাইল নাম্বার :